

**PS43012T\_Unit-III\_Debate (B.Ed.,Semester-II)**

## বিতর্ক ( DEBATE )

সাহিত্যানুশীলনের পরিপূরক ঘটনাবলী হিসেবে বিদ্যালয়ে বিতর্ক সভা অনুষ্ঠিত হয়।

- বাচিক দক্ষতাভিত্তিক কার্যাবলী
- বোধশক্তি, চিন্তাশক্তি, বিচারশক্তির বৃদ্ধি
- আত্মপ্রত্যয় বৃদ্ধি
- নিজস্ব বক্তব্যকে যুক্তিসহ পরিবেশনের ক্ষমতা জন্মানো
- নির্দিষ্ট সময়ের মধ্যে বক্তব্য প্রদানের ক্ষমতা বৃদ্ধি
- যুক্তিসহ নির্দিষ্ট নিয়মের মধ্যে থেকে অন্যকে পর্যুদস্ত করতে পারার ক্ষমতা বৃদ্ধি
- শ্রবণশক্তি ও কথনশক্তির বিকাশে গুরুত্বপূর্ণ ভূমিকা
- বিভিন্ন বিষয় ও তার ইতিহাস সম্পর্কে জ্ঞান
- সমস্ত রকম পাঠ্য বিষয় ও পাঠ্য বহির্ভূত বিষয় নিয়ে বিতর্ক সভার আয়োজন করা যায় না
- যে কোন বয়েসের শিক্ষার্থীদের নিয়ে বিতর্ক সভার আয়োজন করা যায় না
- বিতর্কিত বিষয় নিয়ে বিতর্ক সভার আয়োজন করা যায় না
- বিতর্ক সভার আয়োজন করতে অনেকটা সময় ব্যয় হয় , ফলে পাঠ্যসূচী সমাপ্ত করতে অসুবিধা হয়

বিদ্যালয়ে প্রধান শিক্ষক / শিক্ষিকার অনুমতি নিয়ে একটি বিতর্ক সভার আয়োজন করা

যেতে পারে---

- সমাজ, বিজ্ঞান, সাহিত্য, ক্রীড়া , ইতিহাস , শিক্ষা ইত্যাদি বিভিন্ন বিষয়ের বিভিন্ন প্রসঙ্গ বিদ্যালয়ের বিতর্ক সভার বিষয়
- কখনও বিদ্যালয়ের অন্তর্গত শিক্ষার্থীদের নিয়ে আবার কখনও পাশাপাশি বিদ্যালয়ের শিক্ষার্থীদের আমন্ত্রণ জানিয়ে বিভিন্ন বিদ্যালয়ের শিক্ষার্থীদের নিয়ে এই বিতর্ক সভার আয়োজন করা যেতে পারে
- বিতর্কের একটি বিষয় নির্দিষ্ট হয়
- বিষয়ের পক্ষে একদল শিক্ষার্থী আর বিপক্ষে অপর একদল শিক্ষার্থী থাকে
- প্রত্যেক বক্তার জন্য একই সময় নির্দিষ্ট থাকে
- প্রথম একজন বক্তার বক্তব্য উপস্থাপনের পর বিপক্ষের একজন বক্তা তার বক্তব্যকে খণ্ডন করে নিজের বক্তব্যকে প্রতিষ্ঠার সুযোগ পায়
- শেষে সভাপতি মহাশয় / মহাশয়া সকলের বক্তব্যকে সংক্ষিপ্ত আকারে বলেন
- বিচারকরা তাদের রায় দেন ও ফলাফল ঘোষণা করেন

